



তথ্যবিবরণী

নম্বর- ২০২

তারুণ্য উৎসব উপলক্ষ্যে আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন নাটোর লালপুর ডিগ্রি কলেজ

রাজশাহী; ০১ ফাল্গুন (১৪ ফেব্রুয়ারি):

রাজশাহীতে তারুণ্য উৎসব ২০২৫ উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট ফাইনালে বগুড়া সরকারি শাহ সুলতান কলেজকে হারিয়ে শিরোপা জিতেছে নাটোর লালপুর ডিগ্রি কলেজ।

আজ (১৪ ফেব্রুয়ারি) শুক্রবার বিকালে মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিস এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত ফাইনাল খেলার মধ্য দিয়ে আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টের সমাপনী হয়েছে। সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হান।

প্রধান অতিথির বক্তৃতায় পারভেজ রায়হান বলেন, আমি প্রথম থেকেই খেলা দেখেছি। আমার কাছে মনে হয়েছে তোমাদের খেলা খুবই উঁচুমানের। এ ধরনের খেলা আমি আশা করিনি কারণ কলেজের ছেলেদের সাধারণত ভালো প্র্যাক্টিস থাকেনা এবং তাদের জন্য একটি দল সাজানো খুবই কঠিন। আজকে যে খেলা দেখলাম তাতে আমার মনে হয়েছে তোমরা জাতীয় পর্যায়ে গিয়েও ভালো করবে।

খেলা খুবই বন্ধুত্বপূর্ণ পরিবেশে হয়েছে উল্লেখ করে তিনি বলেন, কোনো ধরনের অপ্রীতিকর কিছু ঘটেনি এবং দলের খেলোয়াড় ও কোচিং স্টাফদের আচরণ ছিল ভালো। এ ধরনের খেলা আমাদের সমাজে একটা সুস্থ পরিবেশ বজায় রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আক্তার জামিল বলেন, বিভাগীয় পর্যায়ে ভালো করলেও জাতীয় পর্যায়ে ভালো করার জন্য তোমাদের আরও পরিশ্রম করতে হবে। বিভিন্ন দিকনির্দেশনা দিয়ে খেলোয়াড়দের আরও নতুন উদ্যোগে জাতীয় পর্যায়ের জন্য প্রস্তুতি নিতে আহ্বান জানান তিনি।

জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রীড়া পরিদপ্তরের সাবেক উপপরিচালক মো. আখতারুজ্জামান রেজা তালুকদার, মেডিক্যাল অফিসার ডা. কাফি, বগুড়া জেলা ক্রীড়া অফিসার মো. আলমগীর হোসেন এবং পাবনা জেলা ক্রীড়া অফিসার মো. তারিকুল ইসলাম।

অনুষ্ঠানে বিভিন্ন খেলোয়াড়বৃন্দ, প্রশিক্ষক, রেফারি, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও দর্শকশ্রোতা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, পাঁচ দিনব্যাপী আয়োজিত বিভাগীয় পর্যায়ের আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টে বিভাগের আট জেলার মোট ১৬টি দল অংশগ্রহণ করে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৮:০০ ঘ.